

শ্রেণি - ২য়

২য় পর্ব

রিভিশন

বিষয়ঃ বাংলা (দুখুর ছেলেবেলা)

তারিখঃ ১৯/০৮/২০২০

১। শব্দার্থ লিখঃ

ঝাঁকড়া - ঘন

বাদাড় - জঙ্গল

তালপুকুর - যে পুকুরের পাড়ে অনেক তালগাছ আছে।

টলটলে - পরিস্কার

মকতব - মুসলমান বালক বালিকাদের প্রাথমিক বিদ্যালয়।

ডাঁশা - পাকা ও কাঁচার মাঝামাঝি

তরতর - তাড়াতাড়ি

সুরেলা - খুব মধুর সুর

মুগ্ধ - বিভোর, অভিভূত

জাতীয় - জাতির নিজস্ব

২। খালি জায়গায় সঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করঃ

ক) _____ ডাকে দুখুর ঘুম ভাঙে। উত্তরঃ পাখির

খ) দুখুদের বাড়ির পাশেই রয়েছে একটি _____। উত্তরঃ মসজিদ

গ) দুখু মিয়ার গান শুনে সবাই _____ হতো। উত্তরঃ মুগ্ধ

ঘ) গাছের শাখায় শাখায় _____ ঘুরে বেড়ায়। উত্তরঃ কাঠবিড়ালি

ঙ) দুখুদের গ্রামে একটা _____ ছিল। উত্তরঃ মকতব

চ) তালপুকুরের পানি -----। উত্তরঃ টলটলে

ছ) কাজী নজরুল ইসলাম আমাদের ----- কবি। উত্তরঃ জাতীয়

৩। নিচের যুক্তবর্ণ ভেঙে লিখ ও দুইটি শব্দ লিখঃ

গ্র = গ + র ফলা - গ্রাম, গ্রহ

গ্ধ = গ + ধ - মুগ্ধ, দুগ্ধ

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখঃ

ক) দুখুর আসল নাম কী?

উত্তরঃ দুখুর আসল নাম কাজী নজরুল ইসলাম।

খ) দুখু কোথায় সাঁতার কাটে?

উত্তরঃ দুখু তালপুকুরের টলটলে পানিতে সাঁতার কাটে।

গ) সকালে কিসের ডাকে দুখুর ঘুম ভাঙ্গে?

উত্তরঃ সকালে পাখির ডাকে দুখুর ঘুম ভাঙ্গে।

ঘ) দুখু দলবল নিয়ে কী করে?

উত্তরঃ দুখু দলবল নিয়ে বনে বাদাড়ে ঘুরে বেড়ায় ও খেলা করে।

ঙ) কাঠবিড়ালিকে দেখে দুখুর কী ইচ্ছে হয়?

উত্তরঃ কাঠবিড়ালিকে দেখে দুখুর কাঠবিড়ালি হতে ইচ্ছা হয়।

চ) আমাদের জাতীয় কবির নাম কী?

উত্তরঃ আমাদের জাতীয় কবির নাম কাজী নজরুল ইসলাম।

৫। (ক) ঘরের সাথে (খ) ঘরের মিল কর এবং লিখঃ

(ক)	(খ)
১) সবুজ পাতার মধ্যে	গাছপালায় ঘেরা।
২) মসজিদের পাশেই	কাজী নজরুল ইসলাম।
৩) তিনি বাংলার নামকরা কবি	ডাঁশা ডাঁশা পেয়ারা।
৪) চুরুলিয়া গ্রাম	আছে মকতব।

উত্তরঃ

১) সবুজ পাতার মধ্যে - ডাঁশা ডাঁশা পেয়ারা।

২) মসজিদের পাশেই - আছে মকতব।

৩) তিনি বাংলার নামকরা কবি - কাজী নজরুল ইসলাম।

৪) চুরুলিয়া গ্রাম - গাছপালায় ঘেরা।

৬। সত্য/ মিথ্যা নির্ণয় কর এবং লিখঃ

ক) আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম। উত্তরঃ সত্য

খ) গাছে গাছে কাঠবিড়ালি ডাকে। উত্তরঃ মিথ্যা

গ) দুখুর বাড়ির পাশে স্কুল। উত্তরঃ মিথ্যা

ঘ) দুখুর চোখগুলো ছোট ছোট। উত্তরঃ মিথ্যা

ঙ) সবুজ পাতার মধ্যে ডাঁশা ডাঁশা কলা। উত্তরঃ মিথ্যা

চ) দুখুর গ্রামের নাম চুরুলিয়া। উত্তরঃ সত্য

৭। নিচের প্রশ্নগুলো পড় ও সঠিক উত্তরটি খাতায় লিখঃ

ক) দুখু কোথায় ঘুরে বেড়ায়? উত্তরঃ বনে বাদাড়ে

i. জঙ্গলে জঙ্গলে

ii. পাড়ায় পাড়ায়

iii. বনে বাদাড়ে

খ) দুখুর গ্রামের নাম কী? উত্তরঃ চুরুলিয়া

- i. চুরুলিয়া
- ii. আশুলিয়া
- iii. শ্যামলিয়া

গ) সবুজ পাতার মধ্যে ডাঁশা ডাঁশা কী? উত্তরঃ পেয়ারা

- i. বেল
- ii. ডাব
- iii. পেয়ারা

ঘ) সকলে দুখুর কী শুনে মুগ্ধ হতো? উত্তরঃ গান

- i. গান
- ii. কথা
- iii. কবিতা

ঙ) দুখু কোথায় লেখাপড়া করতো? উত্তরঃ মকতবে

- i. বিদ্যালয়ে
- ii. মকতবে
- iii. কলেজে

চ) দুখুর আসল নাম কী? উত্তরঃ কাজী নজরুল ইসলাম

- i) কাজী নজরুল ইসলাম
- ii) রবীন্দ্রনাথ ঠাকুর
- iii) আ ন ম বজলুর রশীদ

ছ) দুখু কোন পুকুরের টলটলে পানিতে সাঁতার কাটে? উত্তরঃ তালপুকুরের

- i. বেলপুকুরের
- ii. তালপুকুরের
- iii. জামপুকুরের

জ) দুখু মুখে মুখে কি বেঁধে গাইত? উত্তরঃ গান

- i. গান
- ii. কথা
- iii. কবিতা

ঝ) দুখুর বাড়ির পাশে কী ছিল? উত্তরঃ মসজিদ

- i. বিদ্যালয়
- ii. মসজিদ
- iii. কলেজ

ঞ) গাছপালায় ঘেরা গ্রামটির নাম কী? উত্তরঃ চুরুলিয়া

- i. বিরুলিয়া
- ii. আশুলিয়া
- iii. চুরুলিয়া

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী



Work